ইত্তেফাক

তারিখ ৩০/ [illegible]।১।৮২
পৃষ্ঠা ... কলাম ...

৩৭৮

# আজ স্কুলে ভর্তি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (মঙ্গলবার) রাজধানীর শিক্ষার্থী ভারাক্রান্ত হাইস্কুলগুলির অত্যল্প কয়েকটি শূন্য আসনে ছাত্র ভর্তির পরীক্ষা শুরু হইতেছে। ছাত্রীদের পরীক্ষার পালা শুরু হইবে আগামীকাল।

সরকার কর্তৃক চলতি বৎসর হাতে নেওয়া তিনটি হাইস্কুল-সহ শহরে সরকারী হাইস্কুলের সংখ্যা ২৩। সরকারী-বেসরকারী মোট হাইস্কুলের সংখ্যা ১৩৩। নামকরা হাইস্কুলগুলির উপরের ক্লাস ও প্রাথমিক সেকশনে ভর্তির জন্য ভীড় প্রায় অবিশ্বাস্য। মতিঝিল এলাকার একটি হাইস্কুলের প্রাথমিক শাখায় তৃতীয় শ্রেণীর তিনটি আসনে ভর্তি হইতে ইচ্ছুক শিক্ষার্থীর ভীড় এতই যে, অভিভাবকরা প্রতিটি আসনের জন্য দশ হাজার টাকার 'ডোনেশন' প্রদানেও রাজী।

শিক্ষা বিভাগীয় সূত্র জানায়, প্রতি বৎসর ঢাকা শহরে যাহারা নূতন ভর্তি হইতে আসে, তাহাদের শতকরা ৯৫জনই ঢাকার, শতকরা ৫জন ছাত্র-ছাত্রী ঢাকার বাহির হইতে আসে।

এবারের ছাত্র-ছাত্রী ভর্তির প্রশ্ন আলোচনার জন্য ২রা জানুয়ারী ধানমণ্ডি সরকারী বয়েজ হাইস্কুলের মিলনায়তনে অনুষ্ঠিত ঢাকা শহরের ৮৮ জন প্রধান শিক্ষক ও শিক্ষয়িত্রীর এক সভায়

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## স্কুলে ভর্তি পরীক্ষা

(১ম পৃঃ পর)

স্থির করা হয় যে, এবার সকল ভর্তি লিখিত পরীক্ষার ভিত্তিতে সম্পন্ন হইবে। প্রাপ্ত আসন অনুযায়ী ছেলেদের পরীক্ষা হইবে আজ (মঙ্গলবার) এবং ছাত্রীদের পরীক্ষা হইবে আগামীকাল (বুধবার) সকাল দশটায়।

শহরে ধানমণ্ডি ল্যাবোরেটরী, গভর্ণমেণ্ট ল্যাবোরেটরী, মোহাম্মদপুর গভর্ণমেণ্ট হাই, ধানমণ্ডি গার্লস হাই, মতিঝিল আইডিয়াল স্কুল, কামরুন্নেসা গভর্ণমেণ্ট গার্লস হাই এবং নারিন্দা গার্লস হাই স্কুলেই ভর্তিচ্ছু শিক্ষার্থীর ভীড় সর্বাধিক। শহরের স্কুলগুলিতে ভর্তি কর্মসূচীর সমন্বয়কারী সূত্র জানান, বিদ্যাগুলিতে আসন খুবই সীমিত। এইসব আসনের জন্য অনুরোধ ও উচ্চ মহলের তদ্বিরও 'অসম্ভব' রকম বেশী। প্রথম হইতে পঞ্চম শ্রেণীর শূন্য আসনে ভর্তির জন্য অনুরোধ আসে সবচাইতে বেশী। এক-একটি শূন্য আসন পাওয়ার জন্য প্রভাবশালী একাধিক কর্মকর্তা ও ব্যক্তির অনুরোধ পাওয়া যায়। শেরেবাংলা নগরের গণভবন হাইস্কুল, তেজগাঁ পলিটেকনিক বয়েজ ও গার্লস হাইস্কুল—মাত্র এই তিনটি বিদ্যালয় নূতনভাবে এবার সরকারী স্কুলে পরিণত হইয়াছে। শহরে ছাত্র-ছাত্রীর সংখ্যা কেবলই বাড়িতেছে, কিন্তু স্কুল সেই হারে বাড়ে নাই।